

NYC পাবলিক স্কুলগুলোতে কী কী ঘটছে

[عرض هذه الوثيقة باللغة العربية](#) / [এই নথি বা ডকুমেন্টটি বাংলায় দেখুন](#) /

[查看本文件的中文版](#) / [Consultez ce document en français](#) / [Gade dokiman sa a an kreyòl ayisyen](#) /

[이 문서를 한국어로 보기](#) / [Consulte este documento en español](#) /

[به دستاویز اردو میں ملاحظہ کریں](#) / [Перевод документа на русский язык](#) /
schools.nyc.gov/messagesforfamilies

25 ফেব্রুয়ারি, 2022

পরিবারের জন্য এই হালনাগাদ তথ্য মাস্ক ব্যবহারের নিয়মাবলী সম্পর্কে আমাদের সর্বশেষ তথ্য প্রদান করবে। এসব নিয়মাবলী সোমবার, 28 ফেব্রুয়ারি, 2022 থেকে কার্যকর হবে।

বাইরে মাস্ক ব্যবহারের নীতি

সোমবার, 28 ফেব্রুয়ারি তারিখ থেকে শুরু করে স্কুল প্রাঙ্গণের বাইরে মাস্ক অথবা নাক-মুখের আবরণ ব্যবহার ঐচ্ছিক হবে। তা সত্ত্বেও মাস্ক সকল শিক্ষার্থী, স্টাফ, এবং সাক্ষাৎপ্রার্থীদের জন্য স্কুল ভবনের অভ্যন্তরে বাধ্যতামূলক থাকবে। আমরা COVID-19-এর নিয়ম-নীতি কঠোরভাবে মেনে চলা অব্যাহত রাখবো, এর অন্তর্ভুক্ত ভেন্টিলেশন, যতটা সম্ভব পারস্পরিক দূরত্ব, প্রতিদিনের স্বাস্থ্য যাচাই পরীক্ষা যাতে নিশ্চিত করা যায় যে, উপসর্গযুক্ত কেউ যেন স্কুলে ঢুকতে না পারে, এবং টেস্ট কিট বিতরণ।

স্মরণ করিয়ে দিচ্ছি, কোভিড-19 (COVID-19) রোধে এবং আমাদের স্কুলগুলো আমাদের সকল শিক্ষার্থীর জন্য নিরাপদ রাখার সবচেয়ে গুরুত্বপূর্ণ হাতিয়ার হলো টিকাগ্রহণ বা ভ্যাকসিনেশন। 5 এবং এরচেয়ে বেশি বয়সী ছেলেমেয়েরা কোভিড-19 (COVID-19) টিকা বা ভ্যাকসিন দেয়ার যোগ্য। যদি আপনার সন্তান কোভিড-19 (COVID-19) টিকা বা ভ্যাকসিন দেয়ার যোগ্য হয়ে থাকে কিন্তু এখনও টিকা বা ভ্যাকসিন না নিয়ে থাকে, তবে অনুগ্রহ করে vaccinefinder.nyc.gov -সাইটে অথবা 311 নম্বরে ফোন করে আপনার নিকটবর্তী টিকাকেন্দ্রে (ভ্যাকসিন সাইটে) এই মধ্যশীতের ছুটিতে একটি অ্যাপয়েন্টমেন্ট করার সুযোগ নিন। অভিবাসন অথবা স্বাস্থ্য বীমার অবস্থা যাই হোক না কেন, সকল নিউ ইয়র্কবাসীকে এই টিকা বা ভ্যাকসিনটি বিনামূল্যে দেয়া হবে। আপনার অব্যাহত অংশীদারিত্বের জন্য ধন্যবাদ।